140

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 MAR 1998 ...
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ৭ ......



মুঃ মুস্তাফিজুর রহমান



ডঃ এম ফারুক

কৃষি বিশ্ববিদ্যালয়

# শিক্ষক সমিতির নির্বাচন সম্পন্ন

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল (শনিবার) কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে একটি সদস্যপদ ছাড়া অবশিষ্ট ১০টি পদেই জাতীয়তাবাদী ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী শিক্ষকদের সোনালী দল বিপুল ভোটের ব্যবধানে জয় লাভ করিয়াছে। মোট ৩৭৫ জন ভোটারের মধ্যে ৩৩৫ জন ভোট প্রদান করে। গড় ভোট সোনালী দল পায় ১৩৯ এবং গণতান্ত্রিক শিক্ষক ফোরাম পায় ১১১ ভোট। ১১টি পদে দুইটি প্যানেলে মোট ২২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করিয়াছে।

নব নির্বাচিত কর্মকর্তারা হইতেছেনঃ সভাপতি প্রফেসর মুঃ মুস্তাফিজুর রহমান (কৃষি অর্থনীতি), সহ-সভাপতি- প্রফেসর ডঃ মোহাঃ আমিরুল ইসলাম (উদ্ভিদ প্রজনন), সাধারণ সম্পাদক- প্রফেসর ডঃ এম ফারুক (উদ্যান তত্ত্ব), যুগ্ম সম্পাদক- ডঃ মির্জা আবুল হাসিম (সার্জারী), কোষাধ্যক্ষ- প্রফেসর মোঃ আখতারুজ্জামান (শক্তি ও যন্ত্র)। সদস্যগণ হইলেনঃ প্রফেসর ডঃ আব্দুল হালিম (কৃষি সম্প্রসারণ), ডঃ শফিউদ্দিন আহমেদ (পশু বিজ্ঞান), ডঃ রফিকুল ইসলাম সরকার (কৃষিযন্ত্র ও শক্তি), ডঃ মোঃ ইদ্রিস মিয়া (ফিশারিজ ম্যানেজমেন্ট), ডঃ মোঃ মাহবুব হোসেন (উদ্ভিদ রোগতত্ত্ব) এবং শিক্ষক ফোরামে প্রফেসর ডঃ মাহবুবুল করিম (কৃষিতত্ত্ব)।